

বুলেট ট্রেন যুগে প্রবেশ করেছে ইন্দোনেশিয়া

- A Monitor Desk Report

Date: 02 October, 2023



দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রথম দেশ হিসেবে বুলেট ট্রেন যুগে প্রবেশ করেছে ইন্দোনেশিয়া। প্রথমবারের মতো চালু হওয়া দ্রুতগতির এ ট্রেন যুক্ত করবে দেশটির বড় দু'টি শহরকে।

রবিবার (১ অক্টোবর) আনুষ্ঠানিকভাবে বুলেট ট্রেনটি যাত্রা শুরু করে।

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম জানিয়েছে, চীনের রোড অ্যান্ড বেল্ট ইনিশিয়েটিভ প্রজেক্টের অংশ হিসেবে ইন্দোনেশিয়ায় বুলেট ট্রেন সার্ভিস চালু করা হয়েছে। চীন সরকার এই প্রজেক্টে ৭ দশমিক ৩ বিলিয়ন ডলার খরচ করেছে।

ট্রেনটি রাজধানী জাকার্তা থেকে যাত্রা শুরু করে দ্বিতীয় বৃহৎ শহর পশ্চিম জাভার বান্দুং পর্যন্ত চলাচল করবে।

বুলেট ট্রেনের জন্য ১৩৮ কিলোমিটার দীর্ঘ নতুন লাইন তৈরি করা হয়েছে। ট্রেনটি বিদ্যুতের মাধ্যমে ঘণ্টায় ৩৫০ কিলোমিটার গতিতে ছুটবে। আগে জাকার্তা থেকে পশ্চিম জাভার বান্দুং পর্যন্ত যেতে ট্রেনের সময় লাগত ৩ ঘণ্টারও বেশি সময়। এখন সাধারণ মানুষ এক ঘণ্টার চেয়েও কম সময়ে এক শহর থেকে অপর শহরে যেতে পারবেন।

আরও পড়ুন: [১৫ অক্টোবর পর্যটন নগরের পথে পরীক্ষামূলক ট্রেন](#)

ট্রেনটিতে আধুনিক সব সুযোগ-সুবিধা রাখা হয়েছে। এমনকি যদি ভূমিকম্প সংঘটিত হয়, বন্যা বা অন্যান্য জরুরি পরিস্থিতির সৃষ্টি হয় তাহলে ট্রেনটি সেই অনুযায়ী প্রতিক্রিয়া দেখাতে পারবে।

নতুন এ বুলেট ট্রেনটিতে মোট ৮টি বগি থাকবে। সবগুলোতে ওয়াইফাই এবং মোবাইল চার্জিংয়ের ব্যবস্থা রয়েছে। সবমিলিয়ে একসাথে ট্রেনটিতে ৬০১ জন যাত্রী যাতায়াত করতে পারবেন।

